

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ন্যাশনাল প্রোডাক্টিভিটি অর্গানাইজেশন
শিল্প মন্ত্রণালয়
৯১, মতিঝিল বা/এ, ঢাকা।
www.npo.gov.bd

নং-৩৬.১০.০০০০.০০৫.২৫.০০৬.১৯/২০১৮

তারিখ: ২০/০৩/২১ খ্রি:

বিষয়: এশিয়ান প্রোডাক্টিভিটি অর্গানাইজেশন (এপিও) এর টেকনিক্যাল এক্সপার্ট সার্ভিস (টিইএস) কর্মসূচীর আওতায় কারিগরী সেবা গ্রহণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাপানস্থ আন্তঃদেশীয় সংস্থা এশিয়ান প্রোডাক্টিভিটি অর্গানাইজেশন (এপিও) উৎপাদনশীলতা উন্নয়নে বিভিন্ন ধরনের কর্মকান্ড পরিচালনা করে থাকে। এপিও কর্তৃক পরিচালিত কর্মকান্ডের মধ্যে টেকনিক্যাল এক্সপার্ট সার্ভিস (টিইএস) একটি অন্যতম কর্মকান্ড। এপিও টিইএস কর্মসূচির আওতায় এর সদস্যভুক্ত দেশসমূহের উৎপাদনশীলতা বৃদ্ধির জন্য প্রতিষ্ঠানসমূহকে তাদের প্রাতিষ্ঠানিক সক্ষমতা এবং ব্যবহারিক দক্ষতা বৃদ্ধির জন্য টেকনিক্যাল এক্সপার্ট সার্ভিস (টিইএস) প্রদান করে থাকে।

২। ২০২১ সালে এপিও কর্তৃক নিম্নোক্ত বিষয়ে টেকনিক্যাল এক্সপার্ট সার্ভিস প্রদান করা হবে:


- TES on Food Safety Management and HACCP;
- TES on Industrial Engineering;
- TES on Green Productivity; and
- TES on Productivity Measurement.

৩। টিইএস কর্মসূচীর আওতায় এপিও হতে আগত এক্সপার্টের সাথে কাজ করার জন্য নির্ধারিত প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট কাজের সাথে নিয়োজিত ব্যক্তিবর্গকে নিয়ে টিম গঠনের মাধ্যমে কাজ করা হয়। গঠিত টিম এপিও বিশেষজ্ঞের নিকট হতে সংশ্লিষ্ট ক্ষেত্রে প্রয়োজনীয় কারিগরী দক্ষতা ও টেকনিক সমূহ গ্রহণ করতে পারবেন এবং পরবর্তীতে নিজেদের সংস্থায়/কার্যক্ষেত্রে অর্জিত দক্ষতা যথাযথভাবে প্রয়োগ করে উৎপাদনশীলতা বৃদ্ধিতে সহায়তা করতে সক্ষম হবেন।

৪। এই টেকনিক্যাল এক্সপার্ট সার্ভিস গ্রহণের ক্ষেত্রে এপিওকে এককালীন ৫০(পঞ্চাশ) ইউএস ডলার এবং সার্ভিস গ্রহণকালীন সময়ের প্রতিদিনের জন্য ১২(বার) ইউএস ডলার সমপরিমাণ দেশীয় মুদ্রা পাটিসিপিটিং কান্ট্রি এক্সপেন্স (পিইসি) হিসাবে প্রদান করতে হয়। এ ছাড়া এক্সপার্টদের অভ্যন্তরীণ যাতায়াত খরচ এবং তাঁর কাজের জন্য আনুষংগিক ব্যয় সার্ভিস গ্রহণকারী সংস্থাকে বহন করতে হয়। এক্সপার্টের আসা যাওয়া বিমান ভাড়া, দৈনিক ভাতা এবং হোটেল ভাড়া এপিও হতে বহন করা হয়। উল্লেখিত টেকনিক্যাল এক্সপার্ট সার্ভিস গ্রহণের মেয়াদ সাধারণত ০৭(সাত) দিনের হয়ে থাকে। তবে ক্ষেত্র বিশেষে ০২ (দুই) সপ্তাহের হওয়ার সুযোগ রয়েছে।

৫। নূন্যতম খরচে এপিও কর্তৃক প্রদত্ত এই সুযোগ আপনি অথবা আপনার সংস্থা কিংবা অধীনস্থ/নিয়ন্ত্রণাধীন/সদস্যভুক্ত কোন প্রতিষ্ঠান গ্রহণ করতে পারেন। এপিও কর্তৃক প্রদত্ত টেকনিক্যাল এক্সপার্ট সার্ভিস গ্রহণে আগ্রহী হলে নিম্ন স্বাক্ষরকারী বরাবর আগামী ১৫, এপ্রিল ২০২১ তারিখের মধ্যে আবেদন করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে। উল্লেখ্য যে, আবেদন ফরম এনপিও'র ওয়েবসাইট www.npo.gov.bd এবং এপিও'র ওয়েবসাইট www.apo-tokyo.org হতে Download করে অথবা অফিস চলাকালীন সময়ে জনাব মোঃ মনিরুজ্জামান, গবেষণা কর্মকর্তা, মোবাইল নং-০১৭২৪৫৯৮৩৬১/০১৯১৭৮২৭৮১৫, ই-মেইল monirnp082@gmail.com এর সাথে সরাসরি যোগাযোগ করে সংগ্রহ করা যেতে পারে।

৬। স্বল্প খরচে আন্তর্জাতিক বিশেষজ্ঞ সেবা গ্রহণের মাধ্যমে আপনার প্রতিষ্ঠান উৎপাদনশীলতার ক্ষেত্রে অনেক দূর এগিয়ে যাবে- এ প্রত্যাশায়।



(নিশ্চিত কুমার পোদ্দার)

পরিচালক(যুগ্ম সচিব)

ফোনঃ ৯৫৬২৮৮৩

npo082@gmail.com

প্রাপক,

.....

.....

.....